

বাংলাদেশ দূতাবাস

এথেন্স, গ্রীস

প্রেস বিজ্ঞপ্তি

এথেন্স, ১০ মার্চ ২০১৭

গ্রীসের স্পীকারের সাথে বাংলাদেশের রাষ্ট্রদূতের বৈঠক

গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন আজ (১০ মার্চ ২০১৭) গ্রীসের জাতীয় সংসদের স্পীকার নিকোলাস ভুতসিস এর সাথে এক বৈঠকে মিলিত হন। গ্রীসের সংসদ ভবনে অনুষ্ঠিত এই বৈঠকে দু'দেশের মধ্যকার সম্পর্ক বিশেষ করে আন্তঃসংসদ সম্পর্কের বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। বাংলাদেশের রাষ্ট্রদূত মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশের ক্রমবর্ধমান আর্থ-সামাজিক অগ্রগতি, ব্যবসা-বাণিজ্য, বিনিয়োগ সম্ভাবনা বিষয়ে স্পীকারকে অবহিত করেন। তিনি বলেন বাংলাদেশ স্বাধীনতা অর্জনের অল্প দিনের মধ্যেই ১৯৭২ সালের ১১ মার্চ গ্রীস বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে। আগামী কাল ১১ মার্চ বাংলাদেশ-গ্রীস কূটনৈতিক সম্পর্কের ৪৫তম বার্ষিকী। এই উপলক্ষে রাষ্ট্রদূত স্পীকারকে অভিনন্দন জানান।

গ্রীস গণতন্ত্রের সূতিকাগার এবং বাংলাদেশ একটি গণতান্ত্রিক দেশ। দুটি গণতান্ত্রিক দেশের সংসদের মধ্যে নিবিড় যোগাযোগ স্থাপনের জন্য বাংলাদেশের রাষ্ট্রদূত স্পীকারের প্রতি আহ্বান জানান। রাষ্ট্রদূত উল্লেখ করেন, গত ২০১৫ সালে গ্রীসের সংসদে গ্রীস-বাংলাদেশ পার্লামেন্টারী ফ্রেন্ডশিপ গ্রুপ গঠিত হয়েছে এবং ২০১৬ সালের নভেম্বরে বাংলাদেশের জাতীয় সংসদে বাংলাদেশ-গ্রীস পার্লামেন্টারী ফ্রেন্ডশিপ গ্রুপ গঠিত হয়েছে। দু'দেশের জাতীয় সংসদে দুটি ফ্রেন্ডশিপ গ্রুপ গঠিত হওয়াকে রাষ্ট্রদূত আন্তঃসংসদ সম্পর্কের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ দিক হিসেবে উল্লেখ করেন। তিনি দু'দেশের সংসদের মধ্যে যোগাযোগ বৃদ্ধির প্রতি গুরুত্বারোপ করেন। গত ২৩ অক্টোবর ২০১৬ ঢাকায় অনুষ্ঠিত পররাষ্ট্র মন্ত্রণালয় পর্যায়ের দ্বিতীয় বৈঠকের কথা উল্লেখ করে রাষ্ট্রদূত দু'দেশের মধ্যে উচ্চ পর্যায়ের সফর বিনিময়ের প্রয়োজনীয়তার কথা বলেন। এই প্রসঙ্গে রাষ্ট্রদূত আগামী ১-৫ এপ্রিল ২০১৭ ঢাকায় অনুষ্ঠিতব্য আন্তঃসংসদ ইউনিয়ন (Inter-Parliamentary Union) এর ১৩৬তম সভায় গ্রীসের প্রতিনিধি দলকে অংশগ্রহণের অনুরোধ জানান।

গ্রীসের স্পীকার দু'দেশের সম্পর্ক উন্নয়নে দু'দেশের সরকারের আন্তরিক প্রচেষ্টাকে সাধুবাদ জানান। দু'দেশের সংসদে সঠিত ফ্রেন্ডশিপ গ্রুপ আন্তঃসংসদ সম্পর্কোন্নয়নে নিবিড় ভাবে কাজ করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন ভবিষ্যতে উচ্চ পর্যায়ে সফরের মাধ্যমে এই সম্পর্ক আরোগতি লাভ করবে। স্পীকার ভুতসিস দক্ষিণ ইউরোপ এবং বলকান অঞ্চলের ভূ-রাজনৈতিক বিষয়ে রাষ্ট্রদূতকে অবহিত করেন।



বাংলাদেশের রাষ্ট্রদূত আরো বলেন যে, গ্রীসে বসবাসরত প্রবাসী বাংলাদেশীরা বাংলাদেশ এবং গ্রীস দু'দেশের অর্থনীতিতেই অবদান রাখছেন। তিনি প্রবাসীদের স্বার্থ রক্ষার বিষয়ে গ্রীক সরকারের দৃষ্টি আকর্ষণ করেন। স্পীকার রাষ্ট্রদূতকে প্রবাসী বাংলাদেশীদের প্রতি গ্রীস সরকারের সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস প্রদান করেন। তিনি বলেন গ্রীস মানবাধিকার ও শ্রমিক অধিকারের প্রতি সর্বদা শ্রদ্ধাশীল। বাংলাদেশীদের প্রতি তিনি ইতিবাচক মনোভাব পোষণ করেন।

বৈঠকে গ্রীস-বাংলাদেশ পার্লামেন্টারী ফ্রেন্ডশিপ গ্রুপের সভাপতি আন্দ্রেও রিজুলিস, গ্রীসের সংসদের উচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এবং বাংলাদেশ দূতাবাসের প্রথম সচিব সুজন দেবনাথ উপস্থিত ছিলেন।



Sujan Debnath
First Secretary
Embassy of Bangladesh
Athens, Greece